

স্বাক্ষর	মুদ্রিত
মুদ্রিত	স্বাক্ষর
উপস্থাপিত (ই-গভর্নেন্স-১)	
সিস্টেম (ই-গভর্নেন্স-২)	
এস এ (ই-গভর্নেন্স-৩)	
প্রোগ্রামার	
ব্যক্তিগত কর্মকর্তা	
ডায়েরী নং	৬৬৮
তারিখ	২৫/১০/১৬

মোস্তাফা জব্বার
মন্ত্রী

ডাক, টেলিকমিউনিকেশন ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



স্বাক্ষর	মুদ্রিত
মুদ্রিত	স্বাক্ষর
উপস্থাপিত (ই-গভর্নেন্স-১)	
সিস্টেম (ই-গভর্নেন্স-২)	
এস এ (ই-গভর্নেন্স-৩)	
প্রোগ্রামার	
ব্যক্তিগত কর্মকর্তা	
ডায়েরী নং	৬৬৮
তারিখ	২৫/১০/১৬

স্বাক্ষর	মুদ্রিত
মুদ্রিত	স্বাক্ষর
উপস্থাপিত (ই-গভর্নেন্স-১)	
সিস্টেম (ই-গভর্নেন্স-২)	
এস এ (ই-গভর্নেন্স-৩)	
প্রোগ্রামার	
ব্যক্তিগত কর্মকর্তা	
ডায়েরী নং	৬৬৮
তারিখ	২৫/১০/১৬

উপানুষ্ঠানিক পত্র নং- ৬৬.০০.০০০০.০০২.২১.০০৪.১৫-১৭৬

তারিখঃ ২৬/১০/২০১৬

জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ।

স্বাক্ষর
অ.সচিব (মন্ত্রণালয়)
মোস্তাফা জব্বার

শ্রিয়ঃ মহোদয়ঃ

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর "ভিশন-২০২১" বাস্তবায়ন ও শ্রমের ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে পরিকল্পিত ডিজিটাল সরকার বাস্তবায়নের কোন বিকল্প নেই। সর্বমুখে এই ডিজিটাল সরকারের সেবাসমূহ সঠিক, সময়মত, কার্যকরী এবং সুশরিকল্পিতভাবে বাস্তবায়নের জন্য ডিজিটাল সার্ভিস এক্সিলারেটর (মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একটি যৌথ উদ্যোগ) এর সহায়তায় প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার "ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা ২০২১" চূড়ান্ত ও সমন্বয়করণ করা হয়েছে।

ডিজিটাল সরকার বিনির্মানে পরিকল্পিত সকল ডিজিটাল সার্ভিসসমূহের সফল বাস্তবায়নের লক্ষ্যে গত ৯ অক্টোবর ২০১৬ তারিখে "ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা ২০২১ সমন্বয়করণ ও সমাপনী অনুষ্ঠানে" সকল মন্ত্রণালয়/বিভাগের সম্মানিত সিনিয়র সচিব/সচিব ও সকল দপ্তরের দপ্তর প্রধানগণের উপস্থিতিতে ১৮৫৬টি ডিজিটাল সার্ভিস চূড়ান্তকরণ ও ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন ড্যাশবোর্ড (dsa.a2i.gov.bd) এর শূণ্য উদ্বোধন করা হয়েছে।

এমতাবস্থায়, "ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন পরিকল্পনা ২০২১" অনুযায়ী ডিজিটাল সার্ভিসগুলোর দ্রুততর, কার্যকরী ও সফল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ এবং তীর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে নিম্নোক্ত কার্যক্রমসমূহ গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো:

- মন্ত্রণালয়/বিভাগ এবং তীর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার পরিকল্পিত ও অগ্রাধিকারপ্রাপ্ত জনবান্ধব (G2C, G2B) ডিজিটাল সার্ভিসগুলোর পরিকল্পনা পরবর্তী কার্যক্রম হিসাবে আইসিটিকে সর্বোত্তমভাবে ব্যবহার করে সেবা পদ্ধতি সহজীকরণ, কার্যকরী সিস্টেম ডিজাইন, বাজেট এবং দ্রুততার সাথে প্রকিউরমেন্ট ডকুমেন্ট (EOI, TOR, RFP) প্রস্তুতকরণের জন্য মন্ত্রণালয়/বিভাগ এর নিজস্ব উদ্যোগ, ব্যবস্থাপনা ও অর্থায়নে ৭ দিন ব্যাপী "ডিজিটাল সার্ভিস ডিজাইন ও পরিকল্পনা ল্যাব" কর্মশালা ডিজিটাল সার্ভিস এক্সিলারেটর, এটুআই এর পরামর্শ ও সহযোগিতায় সম্পন্ন করা যেতে পারে।
- মন্ত্রণালয়/বিভাগের মাসিক সমন্বয় সভায় ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন অগ্রগতির কার্যক্রমকে এজেন্ডাভুক্তকরণ এবং কার্যকরীভাবে পর্যালোচনার জন্য (dsa.a2i.gov.bd) অনলাইন ড্যাশবোর্ড ব্যবহার করা যেতে পারে। এক্ষেত্রে উক্ত সভায় সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ ও সহযোগিতার জন্য ডিজিটাল সার্ভিস এক্সিলারেটর, এটুআই এর প্রতিনিধিকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ করা যেতে পারে।
- পরিকল্পিত ডিজিটাল সার্ভিসসমূহের সফল ও দ্রুত বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ এবং তীর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার পরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা ও সফটওয়্যার ডেভেলপমেন্ট খাতে পর্যাপ্ত বাজেট বরাদ্দ না থাকলে সংশ্লিষ্ট বাজেটে অন্তর্ভুক্ত করার জন্য অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- পরিকল্পিত ডিজিটাল সার্ভিসসমূহের সফল বাস্তবায়ন ত্বরান্বিত করতে মন্ত্রণালয়/বিভাগ এবং তীর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার পরিকল্পনাকারী ও প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন কমিটি গঠন করা আবশ্যিক। প্রয়োজনে বিদ্যমান ইনোভেশন টিমের সাথে সমন্বয়পূর্বক অথবা পৃথকভাবে ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন কমিটি গঠন করার জন্য মন্ত্রণালয়/বিভাগ এবং তীর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন ড্যাশবোর্ড ব্যবহার করে মন্ত্রণালয়/বিভাগ এবং তীর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা অনুযায়ী সম্মানিত সিনিয়র সচিব/সচিব ও সকল দপ্তরের দপ্তর প্রধানগণ ডিজিটাল সার্ভিসের বাস্তবায়ন অগ্রগতি জানতে পারবেন। এক্ষেত্রে নিয়মিত ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন ড্যাশবোর্ডটির তথ্যাদি হালনাগাদ রাখতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং তীর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন সংশ্লিষ্ট যেকোন সহযোগিতা ও প্রয়োজনীয় পরামর্শের জন্য "ডিজিটাল সার্ভিস এক্সিলারেটর" এর ফোকাল পয়েন্ট জনাব ফরহাদ জাহিদ শেখ, চীফ স্ট্র্যাটেজিস্ট, ই-গভর্নেন্স, এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (০১৭১১৬১৮৩৬৮ / ০১৭১০৮২৪৪০১, ই-মেইল: eserviceaccelerator@gmail.com, forhadzahid@gmail.com)- এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার সহযোগিতার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-০১ অধিদপ্তর
ডায়েরী নম্বর:- ৬০৪
তারিখ:- ২৬/১০/১৬

স্বাক্ষর
মোস্তাফা জব্বার